

## B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-V

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) রামরাম বসুর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।
- (গ) প্রকাশকালসহ উইলিয়াম কেরির লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- (ঘ) গঙ্গাকিশোর ভট্টাচার্য কোন পত্রিকার সম্পাদনা করেছিলেন? এটি প্রথম প্রকাশিত হয় কোন সালে?
- (ঙ) 'দশমহাবিদ্যা' কে রচনা করেন? কত সালে এটি প্রকাশিত হয়?
- (চ) 'পারিবারিক প্রবন্ধ' কে লেখেন? গ্রন্থটির প্রকাশকাল লেখো।
- (ছ) 'বঙ্গনারী' নাটকটি কার লেখা? এটি কোন শ্রেণির নাটক?
- (জ) 'সিরাজদৌল্লা' নাটকটি কার লেখা? নাটকটির প্রকাশকাল লেখো।
- (ঝ) রবীন্দ্রনাথের লেখা দুটি কৌতুক নাটকের নাম লেখো।
- (ঞ) ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে চিন্তায় ও কর্মে জড়িত ছিলেন এমন দুজন নাট্যকারের নাম লেখো।
- (ট) 'কর্তার ইচ্ছায় কর্ম' কার লেখা? প্রকাশকাল লেখো।
- (ঠ) 'বৈকুণ্ঠের উইল' ও 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসদুটির রচনাকারের নাম লেখো।
- (ড) 'আমাদের শিক্ষা' ও 'শিক্ষা' প্রবন্ধ গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।
- (ঢ) 'নবপর্যায় বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদক কে ছিলেন? কত সালে এটি প্রকাশিত হয়?
- (ণ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'ত্রয়ী কাব্য' বলতে কোন কোন কাব্যকে বোঝায়? কাব্যটি রূপায়ণে রচয়িতার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- (গ) বাংলা নাটকে ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) সামাজিক ও পারিবারিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো।
- (ঙ) রবীন্দ্রনাথের রূপক ও সাংকেতিক নাটকগুলি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) অন্তত পাঁচটি উপন্যাসের উল্লেখ করে তারাশঙ্করের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) মাইকেল মধুসূদন দত্তের কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করো।
  - (খ) দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যরচনাসমূহের পরিচয় দিয়ে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।
  - (গ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্ব আলোচনা করো।
  - (ঘ) ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভা ও শিল্পকুশলতার বিস্তৃত পরিচয় দাও।
-